বিষয়ঃ এ্যাকাউন্টস ডিপার্টমেন্টে আউটসোর্সিং এর ভিত্তিতে ১৫ (পনের) জন "সহকারী হিসাব রক্ষক " সরবরাহকরণের নিমিত্তে ঠিকাদারের এর চুক্তির মেয়াদ বর্ধিতকরণ প্রসঙ্গে।

৫। এ্যাকাউন্টস ডিপার্টমেন্টের কাজের স্বার্থে গত ০১.০২.২০২১ হতে ১২ (বার) মাস অর্থাৎ ৩১/০১/২০২২ পর্যন্ত সময়ের জন্য ঠিকাদারের মাধ্যমে আউটসোর্সিং প্রক্রিয়ায় ১৫ (পনের) জন সহকারী হিসাব রক্ষক OTM পদ্ধতি অনুসরণ পূর্বক নিয়োগের লক্ষ্যে টেন্ডার আহবান করা হয়। তৎপ্রেক্ষিতে প্রাপ্ত ০৭টি টেন্ডার যাচাই বাছাই পূর্বক মূল্যায়ন কমিটি কর্তৃক "ঢাকা ওয়াসা অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারী সমবায় সমিতি লিঃ" কে ৪৬,৫৩,৫৫৮.৫০ (ছিচল্লিশ লক্ষ তেপ্পান্ন হাজার পাঁচশত আটান্ন টাকা পঞ্চাশ পয়সা) টাকায় নিয়োগের লক্ষ্যে সুপারিশ করেন এবং উক্ত প্রস্তাব (HOPE) কর্তৃক অর্থাৎ ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক গত ১৭/০১/২০২১খ্রিঃ তারিখে অনুমোদিত হয়। পরবর্তীতে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে গত ২৭/০১/২০২১খ্রিঃ তারিখে প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা ও সম্পাদক, ঢাকা ওয়াসা অবসর প্রাপ্ত সমবায় সমিতির মধ্যে ৪৬,৫৩,৫৫৮.৫০ (ছিচল্লিশ লক্ষ তেপ্পান্ন হাজার পাঁচশত আটান্ন টাকা পঞ্চাশ পয়সা) টাকায় চুক্তি স্বাক্ষরিত হয় এবং ০১/০২/২০২১ খ্রিঃ তারিখ হতে ৩১.০১.২২ খ্রিঃ পর্যন্ত অর্থাৎ ১২(বার) মাস সময়ের জন্য জনবল সরবরাহের জন্য ২৭/০১/২০২১খ্রিঃ তারিখে ঠিকাদার "ঢাকা ওয়াসা অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারী সমবায় সমিতি লিঃ" অনুকূলে কার্যাদেশ প্রদান করা হয়। সেই মোতাবেক ঠিকাদারী প্রতিষ্ঠান "ঢাকা ওয়াসা অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারী সমবায় সমিতি লিঃ" এ্যাকাউন্টস ডিপার্টমেন্টের অনুকূলে ১৫ (পনের) জন সহকারী হিসাব রক্ষক সরবরাহ করেন। পরবর্তীতে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক গত ২২.১২.২০২১ খ্রিঃ তারিখে অনুমোদনক্রমে উক্ত ঠিকাদারের চুক্তির মেয়াদ ০১.০২.২২ খ্রিঃ হতে ৩১.০১.২৩ খ্রিঃ অর্থাৎ ০১ (এক) বছরের জন্য বৃদ্ধি করা হয়।

বর্তমানে এ্যাকাউন্টস ডিপার্টমেন্টের নিয়মিত জনবল আছে ৩১ (একত্রিশ) জন। এত অল্প সংখ্যক জনবল দিয়ে এ্যাকাউন্টস ডিপার্টমেন্টের মাধ্যমে ঢাকা ওয়াসার সকল বিভাগের পরিশোধ সংক্রান্ত কার্যক্রম সম্পাদন করা কষ্টকর বিধায় ব্যবস্থাপনা পরিচালকের অনুমোদনক্রমে উল্লিখিত ১৫ (পনের) জন সহকারী হিসাব রক্ষককে আউটসোর্সিং জনবল হিসেবে সরবরাহ করা হয়। উক্ত ঠিকাদারের মাধ্যমে আউটসোর্সিং প্রক্রিয়ায় সরবরাহকৃত জনবলের চুক্তির মেয়াদ আগামী ৩১/০১/২০২৩খ্রিঃ তারিখে শেষ হয়ে যাবে। উক্ত ১৫ (পনের) জন সহকারী হিসাব রক্ষকগণের কার্যক্রমের বাৎসরিক কর্ম - মূল্যায়ন প্রতিবেদন ২০২২ প্রস্তুত করা হয়েছে (সংযুক্ত-১ দ্রঃ) । সদয় দেখার জন্য অনুরোধ করা হল । উক্ত ১৫ (পনের) জন সহকারী হিসাব রক্ষকগণের বাৎসরিক কর্ম - মূল্যায়ন প্রতিবেদন ২০২২ অনুযায়ী ১৪ জন সহকারী হিসাব রক্ষক নবায়ন যোগ্য। এছাড়া তারা তাদের উপর অর্পিত দায়িত্ব পালন সততা ও দক্ষতার সাথে যথাযথভাবে পালন করছে । কিন্তু ০১ (এক) জন সহকারী হিসাব রক্ষক শাহিনুর বেগম এর বাৎসরিক কর্ম - মূল্যায়ন প্রতিবেদন ২০২২ অসন্তোসজনক । এ্যাকাউন্টস ডিপার্টমেন্টের কাজের স্বার্থে উক্ত ঠিকাদার কর্তৃক সরবরাহকৃত ১৪ (চৌদ্দ) জন সহকারী হিসাব রক্ষকগণের বাৎসরিক কর্ম - মূল্যায়ন প্রতিবেদন ২০২২ অনুযায়ী নবায়ন যোগ্য হওয়ায় তাদের চুক্তির মেয়াদ আগামী ০১.০২.২০২৩ খ্রিঃ হতে ৩০.০৬.২০২৩ পর্যন্ত অর্থাৎ ৫ মাস সময়ের জন্য বৃদ্ধি করা প্রয়োজন। এছাড়া সহকারী হিসাব রক্ষক শাহিনুর বেগম এর পরিবর্তে ০১ জন সহকারী হিসাব রক্ষক সরবরাহকরণ প্রয়োজন ।

এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনার আলোকে আউটসোর্সিং প্রক্রিয়ায় ঠিকাদারী প্রতিষ্ঠান "ঢাকা ওয়াসা অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারী সমবায় সমিতি লিঃ" কর্তৃক এ্যাকাউন্টস ডিপার্টমেন্টের এর অনুকূলে সরবরাহকৃত ১৫ (পনের) জন "সহকারী হিসাব রক্ষক" এর মধ্যে ১৪ জন "সহকারী হিসাব রক্ষক" এর চুক্তির মেয়াদ পিপিআর-২০০৮ এর ৭৬ (৫) ধারা মোতাবেক বৃদ্ধিকরণ এবং শাহিনুর বেগম এর পরিবর্তে ০১ জন "সহকারী হিসাব রক্ষক" সরবরাহকরনের লক্ষ্যে নিম্নোক্ত বিষয়সমূহ অনুমোদন করা যেতে পারেঃ-

ক) চুক্তির মূল্য ও সময় ব্যতিত পূর্বের শর্তাবলী অপরিবর্তিত রেখে আউটসোর্সিং প্রক্রিয়ায় সরবরাহকৃত " ১৫ (পনের) জন "সহকারী হিসাব রক্ষক" এর মধ্যে ১৪ জন সহকারী হিসাব রক্ষককে এবং শাহিনুর বেগম এর পরিবর্তে ০১ জন সহকারী হিসাব রক্ষককে অর্থাৎ মোট ১৫ জন "সহকারী হিসাব রক্ষক "কে সরবরাহকরনের নিমিত্ত ঠিকাদারী প্রতিষ্ঠান

CS Scanned with CamScanner

-৩৫-

ঢাকা ওয়াসা

''ঢাকা ওয়াসা অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারী সমবায় সমিতি লিঃ'' এর চুক্তির মেয়াদ আগামী ০১.০২.২০২৩ খ্রিঃ হতে ৩০.০৬.২০২৩ খ্রিঃ পর্যন্ত অর্থাৎ ৫ মাস সময়ের জন্য বর্ধিত করার অনুমোদন।

খ) ঠিকাদারী প্রতিষ্ঠান "ঢাকা ওয়াসা অবসর প্রাপ্ত সমবায় সমিতি লিঃ এর সাথে আগামী ০১/০২/২০২৩ খ্রিঃ হতে ৩০.০৬.২০২৩ খ্রিঃ পর্যন্ত অর্থাৎ ৫ (পাঁচ) মাস সময়ের জন্য ১৯,৩৮,৯৮২.৭০ (উনিশ লক্ষ আটত্রিশ হাজার নয়শত বিরাশি টাকা সত্তর পয়সা) টাকা মাত্র চুক্তিকরণের অনুমোদন।

গ) উক্ত ব্যয়ভার ঢাকা ওয়াসার রাজস্ব বাজেটের "আউটসোর্সিং সার্ভিস প্রকিউরমেন্ট" খাত থেকে ব্যয়ের অনুমোদন।

ঘ) ক্রয়কারী হিসেবে প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার দপ্তরকে নির্বাচিত করার অনুমোদন।

ঙ) GCC Clause 18.1 অনুসরণ করতঃ কোন জনবল/ব্যক্তির অপসারণ/প্রতিস্থাপন প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা কর্তৃক করার অনুমোদন।

সদয় অনুমোদনের জন্য নথি উপস্থাপন করা হলো।

06.01-23

Jesminara Khanam
Accounts Officer
Accounts Division
Dhaka WASA.

CAO
06.01.23

Nishat Mazumder
Chief Accounts Officer (A.C)
Dhaka WASA

DMD (F)
06-01-23

MD Sir

6/1/23

Scanned with CamScanner